

৩২ ফ্রান্স



ইনকিলাব : বৃহত্তম শিক্ষা প্রদর্শনী '৭ম এডিম এক্সপো-২০০৭' উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন মেসসের ব্যবস্থাপনা পরিচালক মেইকন এন. ইসলাম এবং পরিচালক সাহিদ এস. সারোয়ার

এডিম এক্সপো ২০০৭ শিক্ষা প্রদর্শনী আজ শুরু

স্টাফ রিপোর্টার : যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা এবং সঠিক ক্যারিয়ার বিধকে সামাজিক-সুযোগ-সুবিধাগুলো শিক্ষার্থী ও সাধারণ মানুষের মধ্যে উপস্থাপনের লক্ষ্যে আজ থেকে শুরু হচ্ছে পাঁচ দিনব্যাপী '৭ম এডিম এক্সপো-২০০৭' শিক্ষা প্রদর্শনী। কনফারেন্স এন্ড এক্সিবিশন ম্যানেজমেন্ট সার্ভিসেস (সেমস) রাজধানীর এলিফ্যান্ট রোডস্থ বসুন্ধরা সিটির লেভেল ৭-এ সপ্তমবারের মতো এই বৃহত্তম শিক্ষা প্রদর্শনীর আয়োজন করছে। আগামী ১৬ জুলাই পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত প্রদর্শনী চলবে। প্রদর্শনীতে ৭০টিরও বেশী ইউনিভার্সিটি, কলেজ, ফায়ার শিক্ষা প্রতিষ্ঠান এবং এ রিয়েল সেবা প্রদানকারী প্রতিষ্ঠান প্রায় ৯০টির বেশী টিম নিয়ে মেসার তাদের সেবা কার্যক্রম উপস্থাপন করবে।

মেসার অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ নিজেদের উপস্থাপন করতে পারবে এবং মাধ্যমটি ব্যবহার করে ইচ্ছুক ছাত্রছাত্রী, চাকরিতালীীদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন, মেলা প্রদর্শনীর অধীনে ইচ্ছুক ও যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার ও স্টুডেন্ট এডমিশন সম্পন্ন করতে পারবে।

এডিম এক্সপো '০৭ এ অংশ নিচ্ছে স্টামফোর্ড ইউনিভার্সিটি, বাংলাদেশ। দেশের বৃহত্তম শিক্ষা ও ক্যারিয়ার মেলায় ই-৩৪, ই-৩৫ নম্বর টল থেকে শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ ইউনিভার্সিটির ভর্তি প্রক্রিয়া ও সুযোগ সুবিধা সম্পর্কে জানতে পারবেন। স্টামফোর্ড ফল ২০০৭ সেশনের ভর্তি কার্যক্রম চলবে। আগ্রহী শিক্ষার্থীবৃন্দ মেসার টল থেকেই ভর্তি ফর্ম সংগ্রহ করতে পারবে। মোট ১৩টি বিভাগের অধীনে ২০টি প্রোগ্রামে ভর্তি ও শিক্ষা কার্যক্রম চলবে।